

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারকনং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-১)-৩৫৯

তারিখঃ ১১-০৫-২০২০খ্রিঃ


বিষয়ঃ বেসরকারি হাসপাতালে সাধারণ (Non-Covid) রোগীদের চিকিৎসা প্রদানে নির্দেশনা।

লক্ষ্য করা যাচ্ছে যে, কোভিড-১৯ সংক্রমণের পর থেকে বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকে সাধারণ রোগীগণ (Non-Covid) চিকিৎসা সেবা প্রাপ্তির ক্ষেত্রে নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন। এছাড়া দীর্ঘদিন ধরে কিডনি ডায়ালিসিসসহ চিকিৎসা গ্রহণকারী রোগীগণ সংশ্লিষ্ট বেসরকারি হাসপাতালে চিকিৎসা গ্রহণে বাধার সম্মুখীন হচ্ছেন। এসকল রোগীদের চিকিৎসা অব্যাহত রাখার বিষয়ে বিভিন্ন সময়ে মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তর বাংলাদেশ প্রাইভেট ক্লিনিকস এন্ড ডায়াগনস্টিক ওনার্স এসোসিয়েশন এবং বাংলাদেশ মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশনের সাথে অনুষ্ঠিত একাধিক সভার মাধ্যমে অনুরোধ করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর থেকেও একাধিকবার নির্দেশনা জারি করা হয়েছে এবং পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমেও সংশ্লিষ্ট সকলকে বারংবার আহ্বান জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকসমূহে সাধারণ রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

- (১) সকল বেসরকারি হাসপাতাল/ক্লিনিকসমূহে সন্দেহভাজন কোভিড রোগীদের চিকিৎসার জন্য পৃথক ব্যবস্থা থাকতে হবে।
- (২) চিকিৎসা সুবিধা থাকা সত্ত্বেও জরুরি চিকিৎসার জন্য আগত কোন রোগীকে ফেরত দেয়া যাবে না। রেফার করতে হলে স্বাস্থ্য অধিদপ্তরের “কোভিড হাসপাতাল নিয়ন্ত্রণ কম্প্লেক্স” সাথে যোগাযোগ করে রোগীর চিকিৎসার বিষয়টি সুনিশ্চিত করে রেফার করতে হবে।
- (৩) দীর্ঘদিন ধরে যেসকল রোগী কিডনি ডায়ালিসিসসহ বিভিন্ন চিকিৎসা গ্রহণ করছেন তারা কোভিড আক্রান্ত না হয়ে থাকলে- তাদের চিকিৎসা অব্যাহত রাখতে হবে।

৩। এ নির্দেশনার ব্যত্যয় ঘটলে বা কোন অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রচলিত বিধান অনুসারে লাইসেন্স বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মোহাম্মদ ইকবাল হোসেন)  
উপসচিব (সাময়িকভাবে সংযুক্ত)  
০২-৯৫৭৭৯৮১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
- ০২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সকল.....
- ০৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল).....

- ০৪। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল).....
- ০৫। সিভিল সার্জন (সকল).....
- ০৬। তত্ত্বাবধায়ক (সকল).....
- ০৭। সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন/স্বাধীনতা চিকিৎসক পরিষদ/বাংলাদেশ সোসাইটি অব মেডিসিন/বাংলাদেশ সোসাইটি অব সার্জারি/অবস্টেট্রিক্স এন্ড গাইনোলজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ/বাংলাদেশ প্রাইভেট ক্লিনিকস এন্ড ডায়াগনস্টিক ওনার্স এসোসিয়েশন/বাংলাদেশ মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন/বাংলাদেশ পেডিয়াট্রিক এসোসিয়েশন/বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্রাকটিশনার্স এসোসিয়েশন।
- ০৮। মহাসচিব/সাধারণ সম্পাদক, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন/স্বাধীনতা চিকিৎসক পরিষদ/বাংলাদেশ সোসাইটি অব মেডিসিন/বাংলাদেশ সোসাইটি অব সার্জারি/অবস্টেট্রিক্স এন্ড গাইনোলজিক্যাল সোসাইটি অব বাংলাদেশ/বাংলাদেশ প্রাইভেট ক্লিনিকস এন্ড ডায়াগনস্টিক ওনার্স এসোসিয়েশন/বাংলাদেশ মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন/বাংলাদেশ পেডিয়াট্রিক এসোসিয়েশন/বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্রাকটিশনার্স এসোসিয়েশন।
- ০৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).....

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার (ভান্ডার ও সরবরাহ), তেজগাঁও, ঢাকা।
৪. লাইন ডাইরেক্টর, (হসপিটাল সার্ভিসেস ম্যানেজম্যান্ট), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (ওয়েবসাইটে প্রচারসহ ই-মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)।
৮. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।